যুগান্তর

তারিখ ০৬ MAY 2016
পৃষ্ঠা ৩-৬ কলাম ২

# নতুন স্কেলে বকেয়া ও বেতন পাবেন বেসরকারি শিক্ষক-কর্মচারীরা

যুগান্তর রিপোর্ট

অবশেষে নতুন জাতীয় বেতন স্কেল অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা বেতন ও বকেয়া পাচ্ছেন। বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে আদেশ জারি করেছে। সে অনুযায়ী এপ্রিল মাসের বেতনের সঙ্গে গত জুলাই থেকে ফেব্রুয়ারি পর্যন্ত আট মাসের বকেয়া বেতন দেয়া হবে তাদের।

এ প্রসঙ্গে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক এলিয়াছ হোসেন যুগান্তরকে বলেন, বকেয়া ও বেতন দেয়ার ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় আদেশ জারি করেছে। আমরা এখন পর্যন্ত (বিকাল সোয়া ৫টা) আদেশের কপি হাতে পাইনি। তবে রাত ৯টা হলেও আমরা আজই (বৃহস্পতিবার) অর্থ ছাড়ের আদেশ দেব। তিনি আরও বলেন, নতুন স্কেলে এভাবে বেতন-ভাতা দেয়ার মাধ্যমে শিক্ষক ও শিক্ষার প্রতি এ সরকারের অঙ্গীকার আবারও প্রতিফলিত হল।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, স্কুল-কলেজ ও মাদ্রাসায় প্রায় পাঁচ লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী আছেন। তাদের এপ্রিল মাসের বেতনের সরকারি অংশ হিসেবে ৯৪০ কোটি ৪৪ লাখ ৯০ হাজার টাকা ব্যয় হচ্ছে। আর আট মাসের বকেয়া হিসেবে ব্যয় হচ্ছে ২ হাজার ৬৬১ কোটি ৭৪ লাখ ২৪ হাজার টাকা। মন্ত্রণালয়ের আদেশের পর এখন মাউশি উল্লিখিত অর্থ বণ্টনকারী চারটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকে পাঠাবে। এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা নিজ নিজ ব্যাংক হিসাবের মাধ্যমে এ টাকা উত্তোলন করতে পারবেন।

মাউশি সূত্র জানায়, আগামী বৃহস্পতিবার পর্যন্ত শিক্ষক-কর্মচারীরা এমপিওর অর্থ উত্তোলন করতে পারবেন।

উল্লেখ্য, নতুন জাতীয় বেতন স্কেল গত জুলাই থেকে কার্যকর হয়। তবে এর আদেশ জারি হয় ডিসেম্বরে। সে কারণে জুলাই থেকে সরকারি চাকরিজীবীদের মতো শিক্ষকরাও ২০ শতাংশ মহার্ঘ ভাতা পাচ্ছিলেন। জানুয়ারি থেকে সরকারি চাকরিজীবীরা নতুন স্কেলে বেতন পাচ্ছেন। কিন্তু জটিলতার কারণে শিক্ষকরা দু'মাস পর মার্চ থেকে নতুন স্কেলে বেতন পান। সেই হিসাবে তাদের বকেয়া দাঁড়ায় ৮ মাস। এখন ৮ মাসের বকেয়া ও এপ্রিলের বেতন পাচ্ছেন।